

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯৯]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৫: আমানত আদায় করার গুরুত্ব

بَابُ الْأَمْرِ بِأَدَاءِ الْأَمَانَةِ (25)

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم عليه وسلم عليه وسلم قال: «آيةُ المُنافقِ ثلاثٌ: إِذَا حَدَّثَ كَذَبَ، وَإِذَا وَعدَ أَخْلَفَ، وَإِذَا اوْتُمِنَ خَانَ». مُتَّفَقٌ عَلَيهِ وفي رواية: وَإِنْ صَامَ وَصَلَّى وَزَعَمَ أَنَّهُ مُسْلِمٌ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَإِنَّ ٱللَّهَ يَأْكُمُرُكُمِ ۚ أَن تُؤَدُّواْ ٱلآأَمِّنٰت إِلَىٰٓ أَهِ لِهَا ﴾ [النساء: ٥٨]

অর্থাৎ "আল্লাহ তোমাদেরকে নির্দেশ দিচ্ছেন যে, আমানত তার মালিককে প্রত্যর্পণ করবে।" (সূরা নিসা ৫৮ আয়াত)

তিনি আরো বলেন

﴿ إِنَّا عَرَضانَنَا ٱلثَّأَمَانَةَ عَلَى ٱلسَّمَٰوٰتِ وَٱلثَّأَراثِضِ وَٱلدَّجِبَالِ فَأَبَيانَ أَن يَحامِلاتَنَهَا وأَسْاَفَقانَ مِناهَا وَحَمَلَهَا ٱلداِّإِنسُنُ اللَّهُ كَانَ ظَلُومًا جَهُولًا ٧٢ ﴾ [الاحزاب: ٧٧]

অর্থাৎ "নিশ্চয়ই আমি আকাশ, পৃথিবী ও পর্বতমালার প্রতি এ আমানত অর্পণ করতে চেয়েছিলাম। ওরা ভয়ে বহন করতে অস্বীকার করল; কিন্তু মানুষ তা বহন করল। নিশ্চয় সে অতিশয় যালেম ও অতিশয় অজ্ঞ।" (সূরা আহ্যাব ৭২ আয়াত)

হাদীসসমূহঃ

১/২০৪। আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''মুনাফিকের চিহ্নু তিনটি; (১) কথা বললে মিথ্যা বলে। (২) ওয়াদা করলে তা ভঙ্গ করে এবং (৩) তার কাছে



আমানত রাখা হলে তার খিয়ানত করে।"[1]

মুসলিমের অন্য বর্ণনায় আছে, ''যদিও সে রোযা রাখে এবং নামায পড়ে ও ধারণা করে যে, সে মুসলিম (তবু সে মুনাফিক)।''

English

(25) Chapter: Discharging the Trusts

Abu Hurairah (May Allah bepleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "There are three signs of a hypocrite: When he speaks, he lies; when he makes a promise, he breaks it; and when he is trusted, he betrays his trust."

[Al-Bukhari and Muslim].

Another narration adds the words: 'Even if he observes fasts, performs Salat and asserts that he is a Muslim".

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৩, ২৬৮২, ২৭৪৯, ৬০৯৫, মুসলিম ৫৯, তিরমিয়ী ২৬৩১, নাসায়ী ৫০২১, আহমাদ ৮৪৭০, ৮৯১৩, ১০৫৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন